## জুন ২০২২মাসে অনুষ্ঠিত বিরামপুর উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ মোঃ খায়রুল আলম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।

তারিখ ঃ ৩০.০৬.২০২২খ্রি.

সময় ঃ দুপুর ১২.০০ ঘটিকা।

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যগণের তালিকাঃপরিশিষ্ট 'ক' ও 'খ'

সভাপতি জনাব মোঃ খায়রুল আলম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুরকে সভার কার্যক্রম শুরু করার জন্য অনুরোধ করেন।

উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুর উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

**আলোচ্যসূচিঃ ০১ গত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদনঃ**

মে ২০২২ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয় এবং কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় মে২০২২ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর সাথে সদস্যগণ একমত পোষন করেন।

**সিদ্ধান্তঃ ০১** বিস্তারিত আলোচনান্তে মে ২০২২ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

**আলোচ্যসূচিঃ ০২ উপজেলা পরিষদের সুপারিশকৃত আলোচনাঃ**

আলোচ্য সময়ে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির কোন সুপারিশ পাওয়া যায়নি। উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সদস্য সচিবগণকে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী সুপারিশসহ সভাপতি বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়।

**সিদ্ধান্তঃ০২**বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সদস্য সচিবগণকে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী সুপারিশসহ সভাপতি বরাবর প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

**আলোচ্য সূচিঃ ০৩ সরকারি পরিপত্র নিয়ে আলোচনাঃ**

আলোচ্য সময়ে সরকারি কোন পরিপত্র পাওয়া যায়নি।

**সিদ্ধান্তঃ ০৩** সরকারি কোন পরিপত্র পাওয়া গেলে যথাসময়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্যসূচিঃ ০৪ মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১-দিনাজপুর-৬ কর্তৃক প্রেরিত সুপারিশ সম্পর্কিত আলোচনাঃ**

আলোচ্য সময়ে মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১-দিনাজপুর-৬ কর্তৃক কোন সুপারিশ পাওয়া যায়নি।

**সিদ্ধান্তঃ ০৪** মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১-দিনাজপুর-৬ কর্তৃক কোন সুপারিশ ও নির্দেশনা পাওয়া গেলে যথাসময়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

বিভাগীয় আলোচনা

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনা ০৫ উপজেলা কৃষি দপ্তর | উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, বোরো মৌসুম শেষ হয়েছে। এ উপজেলায় ১ লক্ষ মেঃ টনেরও বেশী ধান উৎপাদন হয়েছে। যা লক্ষ্যমাত্রার চেয়ে বেশী অর্জন। রোপা মৌসুমের প্রাক্কালে বীজতলা তৈরীর কাজ শুরু হয়েছে। ভোজ্য তেল আমদানীতে খরচ বেশী হওয়ায় সরিষা উৎপাদন বৃদ্ধি করার জন্য নির্দেশনা রয়েছে। কৃষি মন্ত্রণালয় বিভিন্ন নির্দেশনা প্রদান করছে। সরিষার আবাদ বৃদ্ধি করার জন্য প্রচারণাসহ প্রতিমাসে ৯টি করে মাঠ পর্যায়ে উদ্বুদ্ধকরণ সভা করা হচ্ছে। তিনি ইউনিয়ন পরিষদ হলরুমে জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের সকলকে নিয়ে একটি সভা আয়োজন করবেন মর্মে সভায় অবহিত করে উক্ত সভায় সবাইকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করেন। তিনি আরও উল্লেখ করেন যে, সরিষার আবাদ বাড়ানো হলে ভোজ্য তেল আমদানী নির্ভরতা কমবে। বর্তমানে পিয়াজের উৎপাদন বৃদ্ধি করায় পিয়াজ নিয়ে আর কোন সমস্যা নেই। বিরামপুর উপজেলার ৩৪ হাজার কৃষক পরিবারের মাঝে সরিষা উৎপাদনসহ অন্যান্য বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে আগামী অর্থ বছরে ৩০,০০০ (ত্রিশ হাজার) লিফলেট বিতরণের জন্য বরাদ্দ প্রদানের অনুরোধ জানান। তিনি আরও জানান যে, সম্প্রসারিত সেচ প্রয়োজন হওয়ায় বিদ্যুতের সংযোগ থাকতে হবে। তিনি দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ কে বিদ্যুৎ সংযোগ দেয়ার জন্য অনুরোধ করেন। রোপা ও বোরো ধানের মাঝে সরিষা হবে। এতে ভোজ্য তেলসহ খৈল এবং জ্বালানীও পাওয়া যাবে। এক প্রশ্নের জবাবে তিনি জানান যে, কালো সরিষায় ইউরিক এসিড বেশী থাকে। সরিষা-১৮ আবাদ করা যাবে না। সাদা সরিষা উপকারী। তিসি, তিল ও সূর্যমুখীর তেল ভাল।<br>তিনি আনন্দ প্রকাশ করে বলেন যে, উপজেলা প্রশাসন ও উপজেলা পরিষদের সহযোগিতায় কৃষি মেলা ২০২২ খুব সুন্দর হয়েছে। তিনি সহযোগিতা প্রদান করায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ এবং উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুরকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ২৫ জুন ২০২২ তারিখে স্বপ্নের পদ্মা সেতু উদ্বোধন করায় আনন্দ প্রকাশ করেন।<br>উপজেলা কৃষি অফিসার চেয়ারম্যান, উপজেলা পরিষদ এবং উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুরের দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, তার দপ্তরে দু'জন কৃষি সম্প্রসারণ কর্মকর্তা রয়েছেন। তাদের মধ্যে ১ জনের বসার সমস্যা রয়েছে। তার দপ্তরে ১টি রুম আছে। উক্ত রুমে দরজা আছে কিন্তু জানালা মেরামত করে মেঝেতে টাইলস লাগিয়ে দিলে আর একজন কর্মকর্তা বসতে পারতেন। তিনি উপজেলা পরিষদ থেকে কক্ষটি সংস্কার/মেরামত করে দেয়ার জন্য অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. ভোজ্য তেলের উপর চাপ কমাতে সরিষার আবাদ বৃদ্ধি করা জন্য অনুরোধ করা হয়।<br>৩. লিফলেট সরবরাহের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৪. প্রাক্কলন পেলে রুমটি মেরামত/সংস্কার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১ ও ২. উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর।<br>৩ ও ৪. উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ৬ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর বা তার প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বিরামপুর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | ১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৭ উপজেলা প্রাণিসম্পদ দপ্তর | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর জানান যে,দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, গত এক মাসে ১৩২০টি গবাদি প্রাণির এবং ৪৪৩৫টি হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান করা হয়েছে। কৃত্রিম প্রজনন ৯৬৩ মাত্রা এবং শংকর জাতের বাচ্চা উৎপাদন হয়েছে ১৬২টি। গবাদি প্রাণির টিকা প্রদান করা হয়েছে ৬৯১০০ মাত্রা, হাঁস-মুরগীর টিকা প্রদান করা হয়েছে ১২৫০০০ মাত্রা।<br>তিনি আরও জানান যে, আসন্ন ইদ-উল-আযহা উপলক্ষ্যে ৪টি হাটে | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. আইন-শৃঙ্খলা রক্ষার্থে কোরবানীর পশুহাটে পুলিশ মোতায়েন করার জন্য অফিসার ইনচার্জ, বিরামপুরকে অনুরোধ করা হয়।<br>৩. কোরবানীর পশুহাটে জাল টাকার সনাক্ত করার জন্য ম্যানেজার, সোনালী | ১. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর।<br>২. অফিসার ইনচার্জ, বিরামপুর থানা।<br>৩. ম্যানেজার, সোনালী ব্যাংক লিঃ, বিরামপুর |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | পশু বেচাকেনা হবে। আইন-শৃঙ্খলা রক্ষার্থে পুলিশ মোতায়েন করা এবং জাল টাকা সনাক্ত করার জন্য সোনালী ব্যাংক লিঃ, বিরামপুর শাখা দায়িত্বপালন করবে। কোরবানীর পশুর সুস্থতা পরীক্ষার জন্য সার্বক্ষণিক একটি মেডিকেল টিম হাটে থাকবে। কোরবানীর পশু পরীক্ষা করানোর জন্য হাট কমিটিকে তিনি অনুরোধ জানান। | ব্যাংক লিঃ, বিরামপুর শাখাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | |
| আলোচনাঃ ৮<br>উপজেলা মৎস্য দপ্তর | উপজেলা মৎস্যকর্মকর্তা বিরামপুর, দিনাজপুর সভায়জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, করোনার পর এবার আগামী ২৩-২৯ জুলাই ২০২২ পর্যন্ত ৭ দিনব্যাপী মৎস্য সপ্তাহ উদযাপিত হবে।তিনি মৎস্য সপ্তাহের সকল অনুষ্ঠানে সবাইকে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানান। তিনি আরও জানান যে, ৫০০ মৎস্য চাষীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং ৭০ জনকে উপকরণ ক্রয়ের জন্য অর্থ প্রদান করা হবে। মাননীয় জাতীয় সংসদ সদস্যকে উক্ত অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য আমন্ত্রণ জানাবেন। সেলক্ষ্যে প্রস্তুতি চলছে মর্মে তিনি সভায় অবহিত করেন। মৎস্য উৎপাদন বৃদ্ধি পেয়েছে তবে বৃষ্টির সময় কারেন্ট জালের ব্যবহার বেশী হয় ফলে মাছ মারা যায়। কারেন্ট জাল ধরা হলে বাধার সম্মুখীন হতে হয়। এ বিষয়ে তিনি সহযোগিতা কামনা করেন।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর কারেন্ট জাল জব্দ করায় সন্তোষ প্রকাশ করেন এবং মৎস্য দপ্তরকে ধন্যবাদ জানান। তবে তিনি বিরামপুর হাটে বা অন্যান্য হাটে কারেন্ট জাল জব্দ করার পুর্বে মেয়র, বিরামপুর পৌরসভা ও হাট কমিটিকে অবহিত করে এবং থানা পুলিশ সাথে নেয়ার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ জানান। এতে যে কোন বিব্রতকর পরিস্থিতি এড়ানো যাবে বলে তিনি আশা করনে।<br>এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুরে এমন ঘটনা যেন আর না ঘটে সে ব্যবস্থা নেয়া হবে মর্মে তিনি আশ্বস্ত করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. কারেন্ট জাল জব্দকরণ অভিযান অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>এ বিষয়ে সার্বিক সহযোগিতা করার জন্য মেয়র, বিরামপুর পৌরসভা, অফিসার ইনচার্জ, বিরামপুর থানা এবং হাট কমিটিকে অনুরোধ করা হয়। | ১. উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর।<br>২. মেয়র, বিরামপুর পৌরসভা, অফিসার ইনচার্জ, বিরামপুর থানা এবং হাট কমিটি, বিরামপুর। |
| আলোচনাঃ ৯<br>দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ | জেনারেল ম্যানেজার, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর প্রতিনিধি ডেপুটি জেনারেল ম্যানেজার সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, গ্রীষ্ম মৌসুমে সেচের সংযোগ আছে এবং থাকবে। বজ্রপাতে উপজেলার প্রায় সবগুলো অফিসের বৈদ্যুতিক সরঞ্জাম নষ্ট হওয়া প্রসঙ্গে তিনি বলেন যে, বৈদ্যুতিক উপকরণে বজ্র নিরোধক রাখতে হবে এবং বজ্রপাতের সময় উপকরণগুলো বন্ধ রাখাসহ সতর্ক থাকতে হবে। জুন ২০২২ মাসে বকেয়া বিদ্যুৎ বিল আদায়ের লক্ষ্যমাত্রা অর্জিত হওয়ায় বিশেষ করে উপজেলা পর্যায়ে দপ্তর ও বাসাবাড়ির বকেয়া বিদ্যুৎ বিল আদায়ে উপজেলা নির্বাহী অফিসার সার্বিক সহযোগিতা করায় তিনি এ সভার মাধ্যমে ধন্যবাদ জানান।<br>উপজলা নির্বাহী অফিসার, বিরামপুর উপজেলা পরিষদের জন্য একটি আলাদা লাইন দেয়ার জন্য অনুরোধ জানান। এ প্রেক্ষিতে ডেপুটি জেনারেল ম্যানেজার সভায় জানান যে, লাইন একটি হলেও সোর্স ২টি আছে এবং ১০০ ভাগ বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে। দক্ষিণবঙ্গে মর্ডানাইজেশন হয়েছে, রাজশাহী ও রংপুরে আসবে। তখন এদিকেও আসবে।<br>এ পযায়ে মেয়র, বিরামপুর পৌরসভা বলেন যে, ৩৪,৬০,৬০৩/- টাকা বিদ্যুৎ বিল বকেয়া ছিল। প্রতিমাসে চলমান বিল পরিশোধ করছেন। এপ্রিল ২০২২ মাসে ৪,৬১,৭০৩/- টাকা দিয়েছেন। ২৩.০৬.২০২২ তারিখে ৪,০০,০০০/- দিতে চেয়েছেন কিন্তু দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ তা গ্রহণ করেনি। ডিসেম্বর ২০২২ মাসের মধ্যে বাকী বিল পরিশোধ করবেন মর্মে জানানো সত্তেও ২৯.০৬.২০২২ তারিখে বিরামপুর পৌরসভার বিদ্যুৎ সংযোগ | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. যে কোন অফিসের বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করার পুর্বে অফিস প্রধানের সাথে আলোচনা করার জন্য জেনারেল ম্যানেজার, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ কে অনুরোধ করা হয়। | ১. জেনারেল ম্যানেজার দিপবিস-২ বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | বিচ্ছিন্ন করা হয়েছে। নিয়মিত বিদ্যুৎ বিলসহ বকেয়া বিল পরিশোধ করা হলেও সংযোগ বিচ্ছিন্ন করাটি দু:খজনক। যদিও পরে লাইনটি সংযোগ প্রদান করা হয়েছে।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর বিরামপুর পৌরসভার বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করায় তীব্র প্রতিবাদ জানিয়েছেন।<br>ডেপুটি জেনারেল ম্যানেজার, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ সভায় জানান যে, চেয়ারম্যান, বিদ্যুৎ বিভাগের অনুরোধে বিরামপুর পৌরসভার বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করা হয়। বিষয়টি তিনি সন্ধ্যায় জেনেছেন।<br>উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, মেইনটেনেন্সের কাজ শুক্র ও শনিবার করলে ভাল হয়। উপজেলা পরিষদের ভিতরে ২টি লাইন একত্র হওয়ার কারণে প্রায় প্রতিটি অফিসের বৈদ্যুতিক সরঞ্জাম নষ্ট হয়ে অনেক টাকার ক্ষয়ক্ষতি হয়েছে। | | |
| আলোচনাঃ ১০<br>উপজেলা প্রকৌশল দপ্তর | উপজেলা প্রকৌশলী, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানানান যে, সরকারি প্রাথমিক বিদ্যালয়ের কাজ চলছে। বেনীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে জমির জটিলতার কারণে কাজ হচ্ছে না। কাজ শেষ করবার জন্য সময় আছে মাত্র ৬ মাস। এর মধ্যে সমস্যার সমাধান করতে হবে। সভাপতি জমি রেজিষ্ট্রি করে দিলে বিল্ডিং হবে। ওয়াশব্লকের জন্য জমি কিনতে হবে।<br>এ পর্যায়ে উপজেলা শিক্ষা অফিসার বলেন যে, ১৮ শতক জায়গায় বিল্ডিং হবে কিন্তু ওয়াশব্লক হবে না।<br>তিনি আরও উল্লেখ করেন যে, এ উপজেলার ৫টি রাস্তার তালিকা পাওয়া গেছে। ১টি রাস্তার সার্ভে চলছে এবং মেরামত কাজ চলছে। পলাশবাড়ি রাস্তা মেরামত করা হবে। আগামী অর্থ বছরে উপজেলা পরিষদের প্রশাসনিক ভবন ও হলরুম হবে। সে কারণে উক্ত ভবন ও হলরুম নির্মাণের স্থানের গাছ ও কোট বিল্ডিং এর টয়লেট অপসারণ করতে হবে।<br>এ পর্যায়ে চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন যে, মাঠ অবশ্যই থাকতে হবে। তদপ্রেক্ষিতে উপজেলা প্রকৌশলী, বিরামপুর বলেন যে, মাঠ ঠিক রেখেই কাজ করা হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. বিদ্যালয় পরিচালনা কমিটি, উপজেলা শিক্ষা অফিসার, উপজেলা প্রকৌশলী এবং উপজেলা নির্বাহী অফিসারের সমন্বয়ে দ্রুত সমস্যার সমাধান করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।<br>৩. গাছ কাটা ও টয়লেট অপসারণের জন্য সংশ্লিষ্ট দপ্তরের সাথে যোগাযোগ করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়। | ১. উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ১১<br>বাংলাদেশ কৃষি উন্নয়নকর্পোরেশন BADC (সেচ) | উপ-সহকারী প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনBADC (সেচ), বিরামপুর, দিনাজপুর বা তার প্রতিনিধি উপস্থিত না থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ১.সহকারী প্রকৌশলী BADC(সেচ) বিরামপুর। |
| আলোচনাঃ ১২<br>বিরামপুর থানা | অফিসার ইনচার্জ, বিরামপুর থানা, দিনাজপুর সভাকক্ষটি ইনটেরিয়র করে সুন্দর পরিবেশে আজকের সভা অনুষ্ঠিত হওয়ায় ধন্যবাদ জানিয়ে সভায় জানান যে, নিয়মিত কার্যক্রম যথারীতি চলছে। তিনি আরও জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরটি সুন্দরভাবে অতিবাহিত হল। আসন্ন কোরবানীর ঈদ উপলক্ষ্যে বিরামপুর উপজেলার হাটগুলোতে পশু আনা শুরু হয়েছে। ঈদের প্রাক্কালে গবাদি পশু যাতে চুরি না হয় সেলক্ষ্যে গ্রাম পুলিশদের পাহারা বাড়াতে হবে। পশুহাটে আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে পুলিশী তৎপরতা জোরদার করা হবে এবং জাল টাকা সনাক্তকরণে সোনালী ব্যাংক লিঃ, বিরামপুর শাখাকে দায়িত্ব পালনের জন্য তিনি অনুরোধ করেন। হাটে সু-শৃঙ্খল পরিবেশ বজায় রাখা হবে মর্মে তিনি উল্লেখ করেন। তিনি বলেন উৎসবমুখর পরিবেশে ঈদ করতে চাই। এ বিষয়ে তিনি সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।<br>উপজেলা নির্বাহী অফিসার স্বাগত জানিয়ে বলেন যে, সভাকক্ষের কিছু কাজ শেষ হয়নি তবে শীঘ্রই শেষ হবে। তখন সভাকক্ষের নান্দনিকতা আরও বৃদ্ধি পাবে। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. অফিসার ইনচার্জ বিরামপুর থানা |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ১৩<br>উপজেলা শিক্ষা দপ্তর | উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কাজ গতিশীল ও স্বাভাবিক কার্যক্রম চলমান রয়েছে। বঙ্গবন্ধু ও বঙ্গমাতা প্রাথমিক বিদ্যালয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট ২০২২ উপজেলা পর্যায়ের খেলা সম্পন্ন হয়েছে। বঙ্গবন্ধু গোল্ডকাপ চ্যাম্পিয়ন প্রতিষ্ঠান ধানজুড়ি সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ চ্যাম্পিয়ন প্রতিষ্ঠান রামচন্দ্রপুর আদিবাসী সরকারি প্রাথমিক বিদ্যালয়। দল দুটিকে অভিনন্দন। চ্যাম্পিয়ন দল দুটিকে জেলা পর্যায়ে অংশগ্রহণের প্রস্তুতির জন্য নিয়মিত অনুশীলন অব্যাহত রাখতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান দুটির প্রধান শিক্ষককে অনুরোধ করা হয়েছে। এ খেলায় সার্বিক সহযোগিতা করায় সভার মাধ্যমে মেয়র, বিরামপুর পৌরসভাকে তিনি ধন্যবাদ জানান। উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, দল ২টি চমৎকার খেলেছে। অনুশীলন অব্যাহত রাখতে হবে।<br>তিনি আরও জানান যে,বিদ্যালয়ের উন্নয়নমূলক কার্যক্রম চলমান আছে এবং কাজগুলো মনিটরিং করার জন্য উপজেলা শিক্ষা অফিসার,সহকারী উপজেলা শিক্ষা অফিসারদ্বয় এবং উপজেলা প্রকৌশলী ও সহকারী প্রকৌশলী, এলজিইডি মনিটরিং করছেন এবং সহযোগিতাও করছেন।<br>এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার সঠিক সময়ে শিক্ষকবৃন্দের শিক্ষা প্রতিষ্ঠানে উপস্থিতি নিশ্চিত করার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ জানান। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. বিদ্যালয়গুলো নিয়মিত মনিটরিং জোরদার করার সিদ্ধান্ত পুনরায় গৃহীত হয়।<br>৩. সঠিক সময়ে শিক্ষকবৃন্দের শিক্ষা প্রতিষ্ঠানে উপস্থিতি নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ১৪<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরামপুর উপজেলা পরিষদের বাগানের ফল খাওয়ানোর জন্য এবং উপহার দেয়ার জন্য তিনি উপজেলা নির্বাহী অফিসারকে ধন্যবাদ জানিয়ে সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সভায় আরও জানান যে, শিক্ষার্থীদের ইউনিক আইডি প্রদানের কার্যক্রম চলমান। মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও স্নাতক পর্যায়ের উপবৃত্তির কার্যক্রম চলমান। শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন যথারীতি চলছে। সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা ও জাতীয় শিক্ষা সপ্তাহ উদযাপন প্রতিযোগিতা সম্পন্ন হয়েছে। পুরস্কার বিতরণী অনুষ্ঠান পরবর্তীতে করা হবে।<br>এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, ইদের পর সকল পর্যায়ে পরিদর্শন জোরদার করতে হবে এবং ব্যত্যয় পরিলক্ষিত হলে কারণ দর্শানো হবে। শিক্ষার মান উন্নয়নে কোন ছাড় দেয়া হবে না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. ইদের পর সকল পর্যায়ে পরিদর্শন জোরদার করার এবং ব্যত্যয় পরিলক্ষিত হলে কারণ দর্শানোর এবং শিক্ষা প্রতিষ্ঠানে মনিটরিং বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বিরামপুর।<br>২. উপজেলা শিক্ষা অফিসার বিরামপুর। |
| আলোচনাঃ ১৫<br>উপজেলা সমাজসেবা দপ্তর | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে,সকল ভাতাভোগীকে জুন ২০২২ পর্যন্ত নগদের মাধ্যমে ভাতা প্রদান করা হয়েছে। প্রতিজন ৩,০০০/-(তিনহাজার) টাকা হারে ৯০% ভাতাভোগী ভাতা পেয়েছেন।<br>ঋণ আদায় বেড়েছে। কৃষকগণ ভাল সাড়া দিয়েছেন। ফলে এবারের অর্জন ভাল। রোগী কল্যাণ তহবিল থেকে বিভিন্ন রোগীকে সাহায্য প্রদান অব্যাহত রয়েছে। এ ক্ষেত্রে যে সকল রোগী চিকিৎসা গ্রহণের জন্য হাসপাতালে ভর্তি আছেন শুধুমাত্র তাদেরকে রোগী কল্যাণ তহবিল থেকে সাহায্য প্রদানের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। রোগী কল্যাণ তহবিল সুষ্ঠুভাবে পরিচালনার জন্য হাসপাতালে একটি স্থায়ী কক্ষ প্রদানের জন্য তিনি হাসপাতাল কর্তৃপক্ষকে অনুরোধ জানান।<br>তিনি আরও জানান যে, তার দপ্তরের আওতায় ৩ জন ভিক্ষুককে পুনর্বাসন করা যাবে। ২ জনের নাম পাওয়া গেছে আর ১ জনের নাম পাওয়া গেলে পুনর্বাসনের কাজ শুরু করবেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২.সুযোগ সুবিধা বিবেচনা করে হাসপাতালে রোগী কল্যাণ সমিতির জন্য একটি কক্ষ বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত পুনরায় গৃহীত হয়।<br>৩. দ্রুত ১ জন ভিক্ষুকের নাম সংগ্রহ করে ভিক্ষুক পুনর্বাসনের কাজ সমাপ্ত করার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুরকে অনুরোধ করা হয়। | ১. উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর।<br>২. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ১৬<br>উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ১৭<br>উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, বিভিন্ন ক্যাটাগরীতে প্রশিক্ষণ প্রদানের জন্য অপেক্ষমান তালিকা থেকে মহিলাদের নেয়া হচ্ছে এবং শীঘ্রই প্রশিক্ষণ শুরু করা হবে। যাদেরকে নতুনভাবে নির্বাচন করা হবে তাদেরকে পরের ব্যাচে প্রশিক্ষণ প্রদান করা হবে। জুলাই ২০২২ মাসে বরাদ্দ আসলে VGD দেয়া হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. নির্ধারিত সময়ের মধ্যে সকল কার্যক্রম সম্পন্ন করে তালিকা প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিরামপুর<br>২. চেয়ারম্যান, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ। |
| আলোচনাঃ ১৮<br>উপজেলা হিসাবরক্ষণ দপ্তর | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ১৯<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর সভায় জানান দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। তিনি সভায় জাতীয় তথ্য বাতায়ন হালনাগাদ করার জন্য তিনি পুনরায় অনুরোধ জানান।<br>তিনি আরও জানান যে, 'ক' শ্রেণির দিবস হিসেবে শেখ রাসেল এঁর জন্মদিন পালিত হচ্ছে। এ বছর প্রথমবারের মত সর্বোর্চ্চ ১৮ বছর বয়সীদের ১০টি ক্ষেত্রে শেখ রাসেল পদক দেয়া হবে। ১০ জুলাই ২০২২ পর্যন্ত Online-এ আবেদন করা যাবে। আবেদনে উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী প্রোগ্রামারের যৌথ স্বাক্ষরে প্রদত্ত প্রত্যয়ন পত্র সংযুক্ত করতে হবে। পদকপ্রাপ্তরা পাবেন ২২ ক্যারেটের ১ ভরি সোনার একটি মেডেল, সম্মাননা এবং ১,০০,০০০/-(একলক্ষ) টাকা মুল্যের ল্যাপটপ।<br>তিনি বিষয়টি ব্যাপক প্রচারের উদ্যোগ গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরামপুর, চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদসহ সংশ্লিষ্টসকলকে অনুরোধ জানান। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. জরুরীভিত্তিতে ওয়েব পোর্টাল হালনাগাদ করার সিদ্ধান্ত পুনরায় গৃহীত হয়।<br>৩. **<u>শেখ রাসেল পদক প্রাপ্তির জন্য যোগ্য প্রার্থীদের ১০ জুলাই ২০২২ তারিখের মধ্যে Online-এ আবেদন করার</u>** বিষয়ে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. সহকারী প্রোগ্রামার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর।<br>২. স্ব স্ব দপ্তর প্রধান।<br>৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারসহ চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ। |
| আলোচনাঃ ২০<br>উপজেলা যুব উন্নয়ন দপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ২০২১-২০২২ অর্থ বছরে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্স শুরু হয়েছে। চলতি মাসসহ এ পর্যন্ত ১৩টি ব্যাচে মোট ৪২০ (চারশত বিশ) জন বেকার যুব ও যুব মহিলাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>তিনি আরও জানান যে, পরিবারভিত্তিক কর্মসংস্থান কর্মসূচি থেকে সর্বমোট ৯,৬০,০০০/- (নয়লক্ষ ষাটহাজার) টাকা ক্ষুদ্র ঋণ বিতরণ করা হয়েছে। আদায়যোগ্য টাকার পরিমান সর্বমোট=৪,৭০,৪০০/-(চার লক্ষ বার হাজার আটশত) টাকা। আদায়কৃত টাকার পরিমান মোট=৪,৩২,০০০/-(চার লক্ষ বত্রিশ হাজার) টাকা এবং আদায় হার শতকরা ৯২%।<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর আরও জানান যে, আত্মকর্মসংস্থান কর্মসূচির ক্রমপুঞ্জিভূত ঋণ বিতরণ করা হয়েছে =২,৬০,১৬,০০০/- (দুই কোটি ষাট লক্ষ ষোল হাজার) টাকা। আদায়যোগ্য টাকার পরিমান সর্বমোট=২,২৭,৩৯,৩০০/-(দুই কোটি সাতাশ লক্ষ উনচল্লিশ হাজার তিনশত) টাকা। আদায়কৃত টাকার পরিমান মোট=২,০৩,২৭,৪৭৬/-(দুই কোটি তিন লক্ষ সাতাশ হাজার চারশত ছিয়াত্তর) টাকা এবং আদায় হার শতকরা ৮৯%। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা যুব উন্নয়ন অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ২১<br>উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, জনবল সংকট সত্ত্বেও দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, জনবল সংকটের কারণে পরিবার পরিকল্পনা কার্যক্রম বাস্তবায়ন আশানুরুপ হচ্ছে না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. স্বাস্থ্য কমপ্লেক্সের জমির সমস্যা নিরসনে উদ্যোগ নিতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ২২<br>জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, মাননীয় জাতীয় সংসদ সদস্য, দিনাজপুর-৬ এঁর ২১টি টিউবওয়েলের জন্য কাটলা ও দিওড় ইউনিয়ন হতে কোন তালিকা পাওয়া যায়নি।তবে অন্যান্য ইউনিয়নে কাজ চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), বিরামপুর। |
| আলোচনাঃ ২৩<br>উপজেলা ত্রাণ দপ্তর | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, রাস্তার যে লাইটগুলো জ্বলে না তার তালিকা দেয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। কিন্তু তালিকা না পাওয়ার কারণে লাইটগুলো মেরামত করা হয়নি। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. দ্রুত তালিকা দেয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | ১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বিরামপুর।<br>২. চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদসহ সংশ্লিষ্ট সকল। |
| আলোচনাঃ ২৪<br>উপজেলা পরিসংখ্যান দপ্তর | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি চলমান আদমশুমারী বিষয়ে মাঠ পর্যায়ে প্রশিক্ষণ থাকায় এ সভায় অনুপস্থিত রয়েছেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৫<br>উপজেলা সমবায় দপ্তর | উপজেলা সমবায় কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সহকারী পরিদর্শক সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। নিয়মিত কার্যক্রম চলমান রয়েছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা সমবায় কর্মকর্তা,বিরামপুর দিনাজপুর। |
| আলোচনাঃ ২৬<br>বন বিভাগ | রেঞ্জ কর্মকর্তা, চরকাই রেঞ্জ, বিরামপুর সভায় অনুপস্থিত থাকায় বন বিভাগ সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | ১. রেঞ্জ কর্মকর্তা, চরকাই রেঞ্জ, বিরামপুর। |
| আলোচনাঃ ২৭<br>উপজেলা নির্বাচন দপ্তর | উপজেলা নির্বাচন কর্মকর্তা, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ভোটার তালিকা হালনাগাদকরণ ২০২২ শুরু হয়েছে। নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী কাযক্রম চলবে:<br>(ক) তথ্যসংগ্রহকারীগণ বাড়ি বাড়ি গিয়ে তথ্য সংগ্রহ করে ফরম-২ পুরণের তারিখ: ৫ জুলাই হতে ১ আগস্ট ২০২২ পর্যন্ত;<br>(খ) ফরম-২ পুরণকারীগণ ইউনিয়ন পরিষদ কেন্দ্রে ছবি উঠানোর তারিখ: ৪ হতে ২১ আগস্ট ২০২২ পর্যন্ত;<br>(গ) যে সকল ব্যক্তি বর্ণিত সময়ের মধ্যে ফরম-২ ও ছবি উঠাতে পারেননি তাদের ছবি উঠানোর তারিখ: ২২ আগস্ট ২০২২ খ্রি.<br>এ বিষয়টি ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য মেয়র ও কাউন্সিলরগণ, বিরামপুর পৌরসভা এবং চেয়ারম্যান ও সকল সদস্য, সকল ইউনিয়ন পরিষদকে অনুরোধ করা হয়। মসজিদ, মন্দির ও প্যাগোডায় ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্যও তাদেরকে অনুরোধ করা হয়।<br>এ ছাড়াও ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্তির জন্য জন্ম সনদ প্রদানে এবং বিদেশী নাগরিক বিশেষ করে রোহিঙ্গা জনগোষ্ঠী যাতে ভোটার হতে না পারে সে বিষয়ে সতক থাকার জন্য অনুরোধ করা হয়। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. ভোটার তালিকা হালনাগাদকরণ বিষয়টি ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩. জন্ম সনদ প্রদান এবং বিদেশী নাগরিক বিশেষ করে রোহিঙ্গা জনগোষ্ঠী যাতে ভোটার হতে না পারে সে বিষয়ে সতক থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. মেয়র ও কাউন্সিলরগণ, বিরামপুর পৌরসভা<br>২. উপজেলা নির্বাচন কর্মকর্তা, বিরামপুর।<br>৩. চেয়ারম্যান ও সকল সদস্য, সকল ইউনিয়ন পরিষদ। |
| আলোচনাঃ ২৮<br>উপজেলা রিসোর্স সেন্টার প্রাথমিক শিক্ষা | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, বিরামপুর, দিনাজপুর জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। প্রশিক্ষণ চলছে। বিদ্যুৎ বিল ও পৌরকর বকেয়া নেই সমুদয় পরিশোধ করা হয়েছে। বর্তমানে মাদকের সমস্যা নেই। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার বিরামপুর |
| আলোচনাঃ ২৯<br>পল্লী সঞ্চয় ব্যাংক বিরামপুর শাখা | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরামপুর শাখা, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, এবার পল্লী সঞ্চয় ব্যাংক ৯৮,০০,০০০/-(আটানব্বই লক্ষ) টাকা আয় করেছে তন্মধ্যে নীট লভ্যাংশ ৩৭,০০,০০০/-(সাঁইত্রিশ লক্ষ) টাকা। বিরামপুরের অবস্থান ৩য়। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরামপুর শাখা। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ২৯<br>পল্লী সঞ্চয় ব্যাংক বিরামপুর শাখা | দিনাজপুর সদর ১ম এবং ফুলবাড়ি উপজেলা ২য় অবস্থানে রয়েছে। পরবর্তীতে আরও ভাল করার প্রত্যয় ব্যক্ত করেন শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরামপুর শাখা।<br>পল্লী সঞ্চয় ব্যাংক, বিরামপুর শাখার এ সফলতায় সভার পক্ষ থেকে অভিনন্দন জানানো হয়। | ২. অভিনন্দন ও শুভেচ্ছা জানানো হয় এবং এ ধারাবাহিকতায় আরও ভাল অবস্থানে নিয়ে আসার জন্য অনুরোধ করা হয়। | ১. শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরামপুর শাখা। |
| আলোচনাঃ ৩০<br>পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | উপজেলা দারিদ্র বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। ঋণ আদায় কার্যক্রম চলমান রয়েছে। | ১. ঋণ আদায়ে সরকারি নির্দেশনা মেনে আদায় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা দারিদ্র বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ৩১<br>Upazila Governance and Development Project (UGDP) | Upazila Development Facilitator (UDF)বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, প্রশিক্ষণ শেষ হয়েছে সমাপনী প্রতিবেদন প্রেরণ করা হবে। তিনি আরও উল্লেখ করেন যে, ৫ম পর্যায়ে মাধ্যমিক বিদ্যালয়ের আবেদন পাওয়া যায়নি। ৪থ ফেজের বেঞ্চ দেয়া হয়নি। ৫ম বছরে ১ বছর বাড়াবে। ২ বছরও বাড়াতে পারে। ১৭টি স্থায়ী কমিটির নোটিশ, হাজিরা ও কাযবিবরণী ওয়েব পোর্টালে দিতে হবে। সে কারণে তিনি স্থায়ী কমিটির নোটিশ, হাজিরা ও কাযবিবরণী ওয়েব পোর্টালে দেয়ার জন্য অনুরোধ জানান।<br>উপজেলা প্রকৌশলী, বিরামপুর সভায় জানান যে, টেন্ডার হয়েছে। কিন্তু জটিলতা আছে। মালামাল যথাযথ হয়নি। ঠিকাদার চেষ্টা করছেন।<br>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের বিরামপুর উপজেলার জন্য ২০২২ সাল থেকে পরবর্তী ৫ বছরের জন্য একটি পঞ্চবার্ষিকী পরিকল্পনা তৈরীর জন্য প্রস্তাব করেছিলেন। কিন্তু এখন পর্যন্ত কোন দপ্তর থেকে পঞ্চবার্ষিকী পরিকল্পনা তৈরির জন্য প্রস্তাব পাওয়া যায়নি। তিনি স্থায়ী কমিটির সভাপতি ও সদস্য-সচিব, উপজেলা স্থায়ী কমিটিসহ দপ্তর প্রধানদের জুলাই ২০২২ হতে পরবর্তী ৫ বছরের জন্য পঞ্চবার্ষিকী পরিকল্পনা তৈরির জন্য পুনরায় অনুরোধ করেন। | ১. মাধ্যমিক বিদ্যালয়ের আবেদন দ্রুত দাখিল করার উদ্যোগ গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।<br>২. টেন্ডারের শর্ত অনুযায়ী দ্রুত বেঞ্চ সরবরাহের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, বিরামপুরকে অনুরোধ করা হলো।<br>৩. ১৭টি দপ্তরের ওয়েব পোর্টালে হালনাগাদ তথ্য দেয়া আছে কি-না তা দেখার জন্য সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুরকে অনুরোধ করা হয়।<br>৪. জুলাই ২০২২ হতে পরবর্তী ৫ বছরের জন্য পঞ্চবার্ষিকী পরিকল্পনা তৈরির সিদ্ধান্ত পুনরায় গৃহীত হয়।<br>সভাপতি ও সদস্য-সচিব, উপজেলা স্থায়ী কমিটিসহ দপ্তর প্রধানদেরকে এ সময়ের চাহিদার সাথে মিল রেখে প্রকল্প প্রস্তাব উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করার জন্য আবারও অনুরোধ করা হয়। | ১. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,বিরামপুর<br>২. উপজেলা প্রকৌশলী, বিরামপুর<br>৩. সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর<br>৪. সভাপতি ও সদস্য-সচিব, উপজেলা স্থায়ী কমিটি এবং স্ব স্ব দপ্তর প্রধান। |
| আলোচনাঃ ৩২<br>তথ্য আপা প্রকল্প ২য় পর্যায় | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। মহিলাদের নিয়মিত উঠান বৈঠকে চেয়ারম্যান, উপজেলা পরিষদকে যোগদান করার জন্য তিনি অনুরোধ জানান।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর উঠান বৈঠকে যোগদানের সম্মতি প্রকাশ করে তারিখ ও স্থান জানানোর জন্য অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. উঠান বৈঠকের তারিখ, সময় ও স্থান জানাননো জন্য তথ্যসেবা কর্মকর্তা, বিরামপুরকে অনুরোধ করা হলো। | তথ্যসেবা কর্মকর্তা তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), বিরামপুর। |
| আলোচনাঃ ৩৩<br>জেলা পরিষদ দিনাজপুর | জেলা পরিষদের ২ জন সদস্য অনুপস্থিত থাকায় তাদের বক্তব্য পাওয়া গেল না। | ১. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | সদস্য, জেলা পরিষদ। |
| আলোচনাঃ ৩৪<br>মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি মুকুন্দপুর কমিউনিটি ক্লিনিকের রাস্তাটি মেরামত করার জন্য অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৩৫<br>কাটলা ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, কাটলা ইউনিয়ন পরিষদ, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, কাটলা ইউনিয়ন পরিষদ বিরামপুর বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৩৬ খানপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও বলেন যে, মাননীয় জাতীয় সংসদ সদস্যের প্রজেক্ট বিষয়ে উপজেলা প্রকৌশলীর দপ্তরে কথা বলতে গিয়েছিলেন তিনি ভাল আচরণ করেননি; যা দু:খজনক।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, বিরামপুর, নবাবগঞ্জ, হাকিমপুর ও ঘোড়াঘাট এ চারটি উপজেলার ক্ষুদ্র নৃ-তাত্বিক জনগোষ্ঠীর প্রতিনিধি হিসেবে চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন কাজ করছেন। সবাইকে সম্মান দিতে হবে এবং মিলে মিশে বিরামপুর তথা দেশের উন্নয়নে কাজ করতে হবে। তিনি জনপ্রতিনিধিদের সাথে ভাল আচরণ করার জন্য সকলকে অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর বিরামপুর। |
| আলোচনাঃ ৩৭ দিওড় ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, দিওড় ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, দিওড় ইউনিয়ন পরিষদবিরামপুর। |
| আলোচনাঃ ৩৮ বিনাইল ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৩৯ জোতবানী ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, জোতবানী ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, জোতবিষু সরকারি প্রাথমিক বিদ্যালয়ের কোমলমতি শিক্ষার্থীদের কারণে বিদ্যালয়ের রাস্তাটি জরুরীভিত্তিতে করা দরকার।<br>এ প্রেক্ষিতে উপজেলা প্রকৌশলী জানান যে, ID ভুক্ত না থাকায় ব্রীজ হবে না তবে উপজেলা পরিষদ থেকে করা যাবে। আপাতত চেয়ারম্যান, জোতবানী ইউনিয়ন পরিষদকে উদ্যোগ গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. স্থানীয় সরকার প্রকৌশল দপ্তরকে রাস্তাটি ID ভুক্ত করার উদ্যোগ গ্রহণের জন্য বলা হলো। | চেয়ারম্যান, জোতবানী ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪০ পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪১ সংরক্ষিত সদস্য | সংরক্ষিত আসনের ৩ জন সদস্যের মধ্যে জনাব আঞ্জুরা পারভীন উপস্থিত রয়েছে এবং তিনি শুভেচ্ছা জানান। অপর ২ জন অনুপস্থিত থাকায় তাদের কোন বক্তব্য পাওয়া গেল না। | ১. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ১. সংরক্ষিত আসনের সদস্যবৃন্দ। |
| আলোচনাঃ ৪২ ভাইস-চেয়ারম্যান উপজেলা পরিষদ বিরামপুর। | ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর সভায় জানান যে, ইউনিয়ন পরিষদের রাস্তার লাইটগুলো বন্ধ আছে। ফলে রাস্তাগুলো অন্ধকারে ছেয়ে গেছে।<br>তিনি আরও জানান যে, এখনও অনেক গৃহহীন গৃহ পায়নি। ক্রীড়া সংস্থার কমিটি পুনর্গঠনের প্রস্তাব করেন। মাঠে বল রাখার জায়গা না থাকায় বল চুরি হয়। এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য তিনি অনুরোধ জানান। এছাড়াও তিনি মুকুন্দপুর ও কাটলায় মাঠ নাই তবু বাচ্চারা/যুবরা খেলছে। মাদক থেকে দূরে রাখার জন্য খেলাধুলার উপর জোর দিতে হবে মর্মে তিনি সভায় উল্লেখ করেন। | ১. টাস্কফোর্সের সভা করে গৃহহীনের তালিকা করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. খেলাধুলার আয়োজন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩. উপজেলা ক্রীড়া সংস্থার কমিটি পুনর্গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল) |
| আলোচনাঃ ৪৩ ভাইস-চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ বিরামপুর। | ভাইস-চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, বিরামপুর সভায় জানান যে, শালবাগানের বিদ্যুতের লাইন নবাবগঞ্জ উপজেলার সাথে সংযুক্ত আছে। এজন্য শালবাগান এলাকায় বিদ্যুৎ থাকে না। বিশেষ করে শুক্রবার দিন বিদ্যুৎ থাকে না। তিনি নারী ফোরামের সকলকে নিয়ে বনভোজন আয়োজন করতে চান। এব্যাপারে উপজেলা চেয়ারম্যানের সহযোগিতা কামনা করেন। | ১. প্রতি বছরের মত নতুন অথ বছরে সরকারি সিদ্ধান্ত মোতাবেক প্রকল্প গ্রহণ করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রকৌশলী বিরামপুর, দিনাজপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৪৪<br>মেয়র, বিরামপুর পৌরসভা | মেয়র, বিরামপুর পৌরসভা, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আজ ২০২১-২০২২ অরথ বছরের শেষ সভা। ২০২২-২০২৩ অর্থ বছরে সরকার যুগোপযোগী বাজেট দিয়েছে। নিজেদের টাকায় পদ্মা সেতু নির্মাণ করায় মাননীয় প্রধানমন্ত্রীর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। উপজেলা পরিষদের বকেয়াসহ পৌরকর বাবদ ১৫,৭২,০০০/-(পনেরো লক্ষ বাহাত্তর হাজার) পরিশোধ করায় উপজেলা পরিষদকে ধন্যবাদ জ্ঞাপন করেন।<br>শালবাগান ফিডার তার অনুমতি নিয়ে করা হয়নি। গ্রাহক সংখ্যা বৃদ্ধি পাওয়ায় বিদ্যুৎ সরবরাহ ব্যাহত হচ্ছে। বিদ্যুতের বিষয়টি সভায় উপস্থাপন করে স্পষ্ট করায় তিনি ধন্যবাদ জানান।<br>তিনি সভায় আরও জানান যে, সুধীর মোড়ের পানি নিষ্কাশনের এবং বিরামপুর পৌর এলাকাকে নান্দনিক করার, ইদের কোরবানীর বর্জ্য দ্রুত অপসারণের ব্যবস্থা গ্রহণ, ইদের আগেই শহরের নিরাপত্তার স্বার্থে সিসি ক্যামেরা লাগানোর উদ্যোগ গ্রহণ, রাস্তার ধারে গোমাংস বিক্রয় বন্ধের উদ্যোগ গ্রহণ, খেলার মাঠ (শেখ রাসেল মিনি স্টেডিয়াম) ফাঁকা করে দেয়াসহ পরিস্কার পরিচ্ছন্ন করে দেয়ার উদ্যোগ গ্রহণ করেছেন। আর কোন অসুবিধা হবে না। এছাড়াও তিনি একটি মেডিকেল টিম গঠন করেছেন যারা অসুস্থ্য ও গর্ভবতী তাদের পরীক্ষা করবে এই মেডিকেল টিম। মা ও শিশুর ভাতা বিষয়ে কথা বলার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ জানান। বিরামপুর পৌরসভায় ২০২২-২০২৩ অর্থবছরের বাজেট ঘোষণা করবেন বিকেল ৩.০০ টায়। সবাইকে আমন্ত্রণ জানান।<br>এ পর্যায়ে ডিজিএম, দিপবিস-২ জানান যে, বিদ্যুতের চাহিদা বাড়ায় ফিডার বৃদ্ধি করা হয়েছে। সেকারণে ফিডার ভাগ করা হয়েছে। আরও ২টি সাব-স্টেশন হবে। অতিরিক্ত গরমের কারণে ৭৩ মেঘা ওয়াট বিদ্যুৎ উঠেছে। লোড সেডিং নেই। সংস্কার কাজের জন্য বিদ্যুৎ বন্ধ রাখা হয়। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২. গৃহীত কমসূচির সফল বাস্তবায়নের জন্য মেয়র, বিরামপুর পৌরসভাকে অনুরোধ জানানো হয়। | ১. মেয়র, বিরামপুর পৌরসভা, দিনাজপুর |
| আলোচনাঃ ৪৫<br>বিবিধ | (ক) উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর সভায় বলেন যে, বন্যার পানি বৃদ্ধি পেয়েছে। বিরামপুরের অবস্থা ভাল। কোন সমস্যা দেখা দিলে অবহিত করার জন্য তিনি সকলকে অনুরোধ করেন। সে সাথে করোনা বৃদ্ধি পাওয়ায় শিথিলতা পরিহার করে স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য তিনি সবাইকে অনুরোধ জানান।<br>উপজেলা প্রকৌশলী, বিরামপুর পুরাতন ব্রীজ ভেঙ্গে গেলে লাল পতাকা দিতে হবে মর্মে তিনি সতর্ক করেন। | ১. করোনা বৃদ্ধি পাওয়ায় শিথিলতা পরিহার করে স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য সবাইকে অনুরোধ করা হয়।<br>২. পুরাতন ব্রীজ ভেঙ্গে গেলে লাল পতাকা দেয়ার জন্য অনুরোধ করা হয়। | ১. সংশ্লিষ্ট সকল, বিরামপুর।<br><br>২. চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ। |
| | | | |

=১১=

৫. উপজেলা পরিষদের নিম্নোক্ত ব্যয়গুলো অনুমোদনের ন্য সভায় উপস্থাপন করা হয়।

=১২=

<u>মে/২০২২ মাসের ব্যয়</u>

| ক্রমিক | ব্যয়ের বিবরণ | টাকার পরিমান |
|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদের মে/২০২২ মাসের সম্মানীভাতা ও বাসা ভাড়া এবং ভ্রমণভাতা প্রদান | =৫২,৫০০/- |
| ০২ | ভাইস-চেয়ারম্যান ও ভাইস-চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদের মে/২০২২ মাসের সম্মানীভাতা এবং ভ্রমণভাতা প্রদান | =৬৬,০০০/- |
| ০৩ | উপজেলা পরিষদ ২ জন কর্মচারীদের মে/২০২২ মাসের ২৬ দিনের দৈনিক মজুরী ৫৫০/- টাকা হারে মজুরী, ইদ-ইল-ফিতরের উৎসব ভাতা এবং পারিতোষিক প্রদান। ( ১৪,৩০০+১৪,৩০০)=২৮,৬০০/- টাকা | =৭৯,২০০/- |
| ০৪ | মে/২০২২আপ্যায়ন ব্যয় (ভ্যাট ও আয়করসহ) | =৩০,০০০/- |
| ০৫ | মে/২০২২আনুষঙ্গিক ব্যয় (ভ্যাট ও আয়করসহ) | =৫,০০০/- |
| ০৬ | ইউনিয়ন ভূমি সহকারী কমকর্তা, বিরামপুর পৌর ভূমি অফিস, বিরামপুর, দিনাজপুরকে উপজেলা পরিষদের ১৪২৮ বাংলা সনের ভূমি উন্নয়ন কর পরিশোধ বাবদ প্রদান। | =২১,৬০০/- |
| ০৭ | মে/২০২২মাসের বিদ্যুৎ বিল প্রদান | =২৪,২৬৭/- |

সভায় বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত ব্যয়গুলো অনুমোদন দেয়া হয়।

সভাপতি সভায় জানান যে, সভায় সকলের উপস্থিতি একান্ত প্রয়োজন। সকলের সাথে আলোচনা করে উন্নয়নমূলক কাজ দ্রুত বাস্তায়ন করা সম্ভব হয়। তিনি আরও জানান যে, প্রতিটি বিষয়ে তিনি মাননীয় জাতীয় সংসদ সদস্য, দিনাজপুর-৬ এর সাথে পরামর্শ করে কাজ করে থাকেন। বিরামপুর শহরের সার্বিক নিরাপত্তার কথা বিবেচনায় তিনি পৌর শহরে সিসি ক্যামেরা স্থাপনের জন্য বিরামপুর পৌরসভার অনুকূলে মাননীয় জাতীয় সংসদ সদস্য, দিনাজপুর-৬ এর নিকট হতে ৫,০০,০০০/-(পাঁচ লক্ষ) টাকা বরাদ্দ নিয়েছেন। সিসি ক্যামেরাগুলো এমন পয়েন্টে স্থাপন করতে হবে যাতে অফিসার ইনচার্জ, বিরামপুর থানা পুরো শহরের চিত্র দেখতে পান এবং দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে পারেন।

মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক নিজেদের অর্থায়নে পদ্মা সেতু হওয়ায় তিনি এ সভার মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানান।

সভাপতি আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৭/৬/22

মোঃ খায়রুল আলম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা
বিরামপুর, দিনাজপুর।